



শাখা পরিচালন, নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন ডিপার্টমেন্ট

তারিখ: ১২.০১.২০২২

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ২.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে  
(সিটিজেন চার্টার) স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী (জানুয়ারী- মার্চ ২০২২)।

**সভাপতি** : মহাব্যবস্থাপক (প্রশাসন, হিসাব ও পরিচালন)

**স্থান** : প্রবাসী কল্যাণ ব্যাংকের সভাকক্ষ

**তারিখ** : ১২.০১.২০২২ খ্রি:

**সময়** : বেলা ২.০০ ঘটিকা।

প্রবাসী কল্যাণ ব্যাংক-এ মন্ত্রনালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/মাঠ পর্যায়ের দপ্তর এর সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদানের নিমিত্ত (স্টেকহোল্ডার) মাঠ পর্যায়ের কর্মরত সকল শাখার ২য় কর্মকর্তা এবং ঋণ সেবা গ্রহীতাদের সাথে সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেনস্ চার্টার) এর বিষয় নিয়ে ভার্চুয়ালী অংশগ্রহনে সভা ১২.০১.২০২২ তারিখে মহাব্যবস্থাপক (প্রশাসন, হিসাব ও পরিচালন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। পরবর্তীতে ২০২১-২০২২ অর্থবছরের ত্রয়ী ত্রৈমাসিকে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশুতির (সিটিজেনস্ চার্টার) অন্তর্ভুক্ত সেবাসমূহ (নাগরিক সেবা/সাধারণ সেবা/প্রাতিষ্ঠানিক সেবা /আভ্যন্তরীণ সেবা) বিষয়ে স্টেকহোল্ডারগণকে অবহিতকরণ এবং এ সংক্রান্ত কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৩। উক্ত সভায় সেবা প্রদান প্রতিশুতি সেবা সংক্রান্ত তথ্য (সিটিজেন চার্টার) নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে আলোচনা করা হয়। অত্র প্রতিষ্ঠানের অভিবাসন ঋণ, পুর্ণবাসন ঋণ, নারী উদ্যোগ্য ঋণ, কর্মসংস্থান ঋণ এবং আঞ্চলিক সমস্যামূলক ঋণ কম সময়ে এবং সহজভাবে সেবা গ্রহীতাদের মাঝে সেবা পৌছে দেবার বিষয়ে গুরুত্বারূপ করা হয়। এছাড়াও তথ্য অধিকার আইন মোতাবেক কিভাবে তথ্য অধিকার সংক্রান্ত বিনামূল্যে সেবা প্রদান করা হয় তা নিয়ে আলোচনা করা হয়।

৪। মহাব্যবস্থাপক (আইসিসি, আইটি ও পরিচালন) মহোদয় সিটিজেনস চার্টারে উল্লেখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা সমূহে নির্দেশনা প্রদানপূর্বক আলোচনা করেন। এ ছাড়াও সিটিজেনস চার্টারে উল্লেখিত প্রাতিষ্ঠানিক ও আভ্যন্তরীণ সেবা সংক্রান্ত সকল তথ্য সুনির্দিষ্ট এবং সঠিকভাবে পালন হচ্ছে কিনা আলোচনা করেন।

৫। পরিশেষে সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান এবং সেবা প্রদান প্রতিশুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ জাহাঙ্গীর হোসেন)

মহাব্যবস্থাপক (প্রশাসন, হিসাব ও পরিচালন)

ও

সভাপতি (দায়িত্বে)

সেবা প্রদান প্রতিশুতি পরিবীক্ষণ কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জাতার্থে ও কার্যার্থে

১. মহাব্যবস্থাপকদ্বয়, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. বিভাগীয় প্রধান/সেল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য),  
প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. অফিস কপি।